



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.৩১.০২৩.২১.২৮১

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৮

১৩ সেপ্টেম্বর ২০২১

বিষয়: জনস্বার্থে তথ্য বাতায়ন হালনাগাদকরণ ও সার্বক্ষণিকভাবে হালনাগাদকরণ এবং ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকারের ভিশন হলো- "জনগণের দোরগোড়ায় ই-সেবার মাধ্যমে জ্ঞান-ভিত্তিক অর্থনীতি; সু-শাসন টেকসই উন্নতি নিশ্চিতকরণ"। এ প্রচেষ্টার অংশ হিসেবে খাদ্য অধিদপ্তরের আখানি/সাইলো/ময়দা/রেশনিং/জেখানি/সিএমএস কার্যালয়সমূহকে ন্যাশনাল ওয়েব-পোর্টাল তথা জাতীয় তথ্য বাতায়নে সংযুক্ত করা হয়েছে। বিগত ০৯/০৯।২০২১ তারিখে অনুষ্ঠিত "খাদ্য মন্ত্রনালয়ের সাথে খাদ্য অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত" সভায় খাদ্য মন্ত্রনালয়ের কর্মকর্তাগণ মতামত দেন যে খাদ্য অধিদপ্তরের মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের বিভিন্ন তথ্য "তথ্য বাতায়ন" এ নিয়মিত হালনাগাদ রাখা হচ্ছে না ফলে পুরাতন তথ্যাদিই প্রদর্শিত হচ্ছে; যেমন-কর্মকর্তাগণের নাম, ফোন ও মোবাইল নম্বর, ই-মেইল এড্রেস সংক্রান্ত তথ্য তাই নিজ নিজ কার্যালয়ের তথ্য বাতায়ন হালনাগাদ রাখাসহ সংযুক্ত নমুনা অনুযায়ী ত্রৈমাসিক প্রতিবেদন বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তির আলোকে প্রেরণ করা প্রয়োজন।

উল্লেখ্য যে, বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি ২০২১-২২ অর্থ-বছরের অন্তর্ভুক্ত সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র এর অধিভুক্ত [১.২] ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা অংশ হলো [২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ।

এমতাবস্থায়, জনস্বার্থে নিজ নিজ কার্যালয়ের তথ্য বাতায়ন সার্বক্ষণিক হালনাগাদকরণ এবং সংযুক্ত নমুনা অনুযায়ী ত্রৈমাসিক প্রতিবেদন আবশ্যিকভাবে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২২-৯-২০২১

মঞ্জুর আলম

সিস্টেম এনালিস্ট

বিতরণ :

১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,

ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ

ফোন: +৮৮-০২-৪৭১১০৬৯৮

ইমেইল: sys@dgfood.gov.bd

- ২) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ সাইলো/সান্তাহার সাইলো/আশুগঞ্জ সাইলো/খুলনা সাইলো
- ৩) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা।
- ৪) প্রধান মিলার, ঢাকা
- ৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)
- ৬) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম
- ৭) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা
- ৮) অফিস কপি
- ৯) মাস্টার কপি।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.৩১.০২৩.২১.২৮১/১(৬)

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৮
১৩ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত সচিব, বাজেট ও অডিট অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়
- ৩) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয়



২২-৯-২০২১

মঞ্জুর আলম

সিস্টেম এনালিস্ট